

## রিয়া-রাইমার ব্যাচেলর পার্টি

লেজেভারি সুচিত্রা  
সেনের দুই

উত্তরসূরি ভালোভাবেই তার  
পদাঙ্ক অনুসরণ করছেন।  
সেন পরিবারের দুই কন্যা  
রাইমা ও রিয়া সেন  
মডেলিংয়ের পাশাপাশি হিন্দি  
ছবিতে অভিনয় চালিয়ে  
যাচ্ছেন। রাইমা এরই মধ্যে 'গড  
মাদার' এবং 'দামান' ছবি দুটিতে  
ছোট কিন্তু গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয়  
করেছেন। কয়েকটি মিউজিক ভিডিওতেও  
তার সপ্রতিভ পারফরম্যান্স চোখে পড়েছে।

অন্যদিকে ছোটবোন রিয়া তার চেয়ে একটু এগিয়ে।

রিয়া 'লাভ ইউ হামেশা' এবং 'স্টাইল' ছবি দু'টিতে অনেকটা মূল চরিত্রেই অভিনয় করেছেন।  
কয়েকটি মিউজিক ভিডিও (বিশেষ করে ফাল্গুনী পাঠকের চুড়ি জো খান্কে) তার বুলিতেও জমা  
পড়েছে। এখন এই দু' বোন একসঙ্গে একটি ছবিতে অভিনয় করতে যাচ্ছেন। অজয় সিনহার  
পরিচালনায় ছবিটির নাম 'দ্য ব্যাচেলর'। 'স্টাইল' ছবির কো-স্টার শারমান জোশী এ ছবিতেও  
রিয়ার বিপরীতে অভিনয় করেছেন। অফ স্ক্রিনে এ দু' বোনের পেশাগত জেলাসি কিছুটা হলেও  
আছে। অনেকে মনে করছেন সেটা যদি অন স্ক্রিনেও চলে আসে অর্থাৎ যদি এক বোন আরেক  
বোনের চেয়ে এগিয়ে যেতে চায়, তাহলে ছবিটির জন্যই সেটা ভালো ফল বয়ে আনবে।



## অভিনয় ছেড়ে গান

মিস ওয়ার্ল্ড যুক্তামুখী তার পূর্বসূরি ঐশ্বরীয়া  
বা সুস্মিতার মতো অনেক আশা নিয়েই  
বলিউডে পা রেখেছিলেন। এই বিশ্বজয়ী  
সৌন্দর্যকন্যা কখনো হয়তো ভাবতেও  
পারেননি যে তার অভিনয় প্রতিভা দর্শকদের  
সামনে আসতে এতোটা সময় নেবে। তার  
ডেবু মুভি 'পিয়াসা' নিয়ে একটার পর একটা  
ঝামেলা লেগেই আছে। এক বছরের বেশি  
সময় ধরে ছবিটির ট্রেলার দেখলেও এখনো  
রিলিজ ডেট জানেন না দর্শক। অনেকটা  
হতাশ হয়েই যুক্তামুখী তাই সিদ্ধান্ত নিয়েছেন  
গায়িকা হবেন। খুব তাড়াতাড়িই নিজের গান  
রেকর্ডিং শুরু করবেন এবং একটি অডিও  
অ্যালবাম রিলিজ করবেন। যুক্তামুখী ক্লাসিক্যাল  
সঙ্গীতে প্রশিক্ষণপ্রাপ্ত শিল্পী। হতে পারে তার  
ডেবু মুভির আগে ডেবু অ্যালবামটিই রিলিজ  
পেয়ে যাবে।

শেখ মনজু



## আই লাভ মেন...

জেনিফার লোপেজ সম্ভবত ভাঙা গড়াতে প্রচণ্ডভাবে বিশ্বাসী। অথবা এটা তার নেশা।  
এই ল্যাটিন গায়িকা-অভিনেত্রী একের পর এক সম্পর্ক ভেঙে নতুন সম্পর্ক গড়ে



গড়েই এ ধারণার জন্ম দিয়েছেন। খুব  
বেশিদিন হয়নি র্যাপার প্যাফ ড্যাডির  
সঙ্গে তার ছাড়াছাড়ি হয়েছে। এ ঘটনার  
দু' মাস পরেই জেনিফার লোপেজ  
ড্যান্সার ক্রিস জাডের সঙ্গে সম্পর্ক গড়ে  
তোলেন। বিয়েও করেন তাকে এক  
সময়। বিভিন্ন ইন্টারভিউতে ইদানীং এ  
হট গায়িকা বলে বেড়াচ্ছিলেন, তিনি  
ক্রিসের সন্তানের মা হবেন খুব  
তাড়াতাড়িই। কিন্তু সন্তানের মা হওয়া  
তো দূরের স্বপ্ন, এখন শোনা যাচ্ছে  
তাদের সম্পর্কই ভেঙে গেছে। জেনিফার  
লোপেজ নিজে সেভাবে কিছু বলেননি।  
তবে সুদর্শন অভিনেতা বেন অ্যাঙ্কেলের  
সঙ্গে সম্পর্ক গড়ে উঠতে দেখে সবাই  
মেনে নিয়েছেন ক্রিস আর তার সম্পর্ক  
ভেঙে গেছে নিশ্চিত। অন্যদিকে প্যাফির  
সঙ্গেও নাকি পুরনো সম্পর্ক নতুনভাবে  
গড়ে তুলছেন এ গায়িকা-অভিনেত্রী!